

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭৪৭

আগরতলা, ৮ নভেম্বর, ২০২৪

রামকমল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে টি ডি টিকাকরণ কর্মসূচি

উনকোটি জেলার অন্তর্গত কণিকা মেমোরিয়াল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত গৌরনগর আয়ুষ্মান আরোগ্য মন্দিরের অধীন রামকমল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে গত ৬ নভেম্বর ২০২৪ মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব, সুস্থ কৈশোর অভিযান ৭.০ এর অঙ্গ হিসাবে টি ডি টিকাকরণ অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে গৌরনগর আয়ুষ্মান আরোগ্য মন্দিরের এমপিডব্লিউ সুত্রত চক্রবর্তী ও সাগর ধর ছাত্রছাত্রীদের টি ডি টিকাকরণ করেন। এদিন স্বাস্থ্যকর্মীরা ১০ বছরের ১১ জন ও ১৬ বছরের দুই জন ছাত্রছাত্রীদেরকে টি ডি টিকাকরণ করেন। করান। উক্ত টিকাকরণ কর্মসূচিতে টিকাকরণের পাশাপাশি স্বাস্থ্যকর্মীরা টি ডি টিকাকরণের গুরুত্ব সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। স্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
